

## বাংলাদেশ কমিউনিটি কাউন্সিল ইনক এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

গত ৫ ডিসেম্বর ২০১০, রোববার, বাংলাদেশ কমিউনিটি কাউন্সিল এর বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সিডনীর লাকাম্বাস্ত বনফুল রেস্টুরেন্টে ঐ দিন সন্ধ্যার পর সংগঠনের সাধারণ সদস্যদের উপস্থিতিতে ভোট গ্রহনের মাধ্যমে ১৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। অনুষ্ঠানে সভাপতি ছিলেন, এম শাহ আলম। নির্বাচন কার্যক্রম পরিচালনা করেন, হারুন রশিদ আজাদ। সভায় এম শাহ আলম



সভাপতি ও রাশেদুল হক সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন। সিনিয়র সহ সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন জামিল হোসেন ও প্রকৌশলী সোহেল ইকবাল। সহ সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন ইলিয়াস কাথন শাহীন। সাংস্কৃতিক সম্পাদক, প্রকাশনা সম্পাদক ও ক্রীড়া সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন, যথাক্রমে আশরাফুল আলম রনি, মেহেদি হাসান এপোলো ও ইয়াসিন আরাফাত আপু এবং সহ প্রকাশনা সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন নূর হোসেন। কার্যকরি সদস্য হিসেবে নির্বাচিত হলেন, মাসুদ চৌধুরী, আক্তারুজ্জামান, জয় আহমেদ, মশিউর রহমান খুশবু, হারুনুর রশিদ ও কামরুল আলম।